দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 27 2000 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৪

48

# কলিকাতায় বই মেলা শুরু

**কলিকাতা হইতে পিটিআই ॥** গত মঙ্গলবার কলিকাতায় বই মেলা শুরু হইয়াছে। ৫৩৫টি প্যাভিলিয়ানে বিভিন্ন বিদেশী প্রকাশকের বই এই মেলায় স্থান পাইয়াছে।

ফ্রান্স, পাকিস্তান, নেপাল এবং ব্রাজিলসহ ৬টি দেশ এই বৃহৎ মেলায় অংশগ্রহণ করে। নেপাল এইবার প্রথম এই মেলায় অংশ গ্রহণ করিতেছে।

ব্রাজিল এই বছর বই মেলায় মূল প্রতিপাদ্য দেশ। এই বই মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে ব্রাজিল এ বছর তাহাদের রজত জয়ন্তী উদযাপন করিয়াছে।

পশ্চিম বাংলার প্রধানমন্ত্রী জ্যোতি বসু মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, এই মেলা বিভিন্ন দেশের জাতীয়তাবোধ, সংস্কৃতির বিকাশ ও অংশগ্রহণকারী দেশসমূহের জনগণের মধ্যে বন্ধুত্ব গড়িয়া তুলিবার পথ প্রশস্ত করিবে।